**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**ঢাকা, রোববার ১৮ সেপ্টেম্বর ২০১৬, ৩ আশ্বিন ১৪২৩**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। ভয়ংকর ব্যাধি প্রতিরোধে একত্রে কাজ করতে হবে
:কানাডায় গ্লোবাল ফান্ড সম্মেলনে প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফেরতের উপায় খুঁজবে কানাডা
: প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো'র বৈঠক

৩। প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে যোগ দিতে আজ যুক্তরাষ্ট্রে যাচ্ছেন

৪। ২০২৪ সালের মধ্যে দেশ দারিদ্র্যমুক্ত হবে : বাংলাদেশ-ভারত সংলাপে অর্থমন্ত্রী

৫। মহাসড়কে সিএনজি ফিলিং স্টেশন থেকে গ্যাস নেওয়ার সময় ১ ঘণ্টা বাড়ল
: সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী

৬। প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়
আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ডের জন্য মনোনীত

৭। সমুদ্র সম্পদ সংরক্ষণে ৫৩ দেশের সঙ্গে কাজ করবে বাংলাদেশ

৮। পবিত্র হজ পালন শেষে সৌদি আরব থেকে হাজীদের নিয়ে ফিরতি হজ ফ্লাইট শুরু

৯। এইচএসসি পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষণে আড়াই হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন

১০। অবকাশকালীন সময়ে সুপ্রিম কোর্টের ২৭ বেঞ্চে বিচার চলবে

১। **ভয়ংকর ব্যাধি প্রতিরোধে একত্রে কাজ করতে হবে**
**:কানাডায় গ্লোবাল ফান্ড সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের সবচেয়ে মারাত্মক তিনটি ব্যাধি এইডস, যক্ষ্মা ও ম্যালেরিয়া প্রতিরোধে একত্রে কাজ করার জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, 'আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি এই তিনটি রোগ প্রতিরোধযোগ্য ও চিকিৎসার মাধ্যমে নিরাময় সম্ভব। এজন্য প্রয়োজন অঙ্গীকার, সংকল্প ও সংহতি। একত্রে কাজ করার অঙ্গীকার এইসব ব্যাধির অবসান ঘটাতে পারে।' গত ১৬ সেপ্টেম্বর শুক্রবার কানাডার মন্ট্রিয়েলে অনুষ্ঠিত ফিফথ গ্লোবাল ফান্ড (জিএফ) রিপ্লেনিসমেন্ট কনফারেন্সের উদ্বোধন অধিবেশনে তিনি এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **যায়যায়দিন (পৃ.১,ক.২), নিউ এজ (পৃ.১,ক.২)**।

২। **বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফেরতের উপায় খুঁজবে কানাডা**
**: প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো'র বৈঠক**

বঙ্গবন্ধুর খুনি এএইচএমবি নূর চৌধুরীকে ফেরত পাঠানোর উপায় বের করার লক্ষ্যে বাংলাদেশের সঙ্গে আলোচনা চালাবে কানাডা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর মধ্যে বৈঠকে এ ব্যাপারে মতৈক্য হয়েছে। গত ১৬ সেপ্টেম্বর শুক্রবার কানাডার মন্ট্রিলে 'গ্লোবাল ফান্ড' (জিএফ) সম্মেলনের ফাঁকে দুই নেতা বৈঠক করেন। দ্বিপক্ষীয় এই বৈঠকের পর কানাডার সাবেক প্রধানমন্ত্রী প্রয়াত পিয়েরে ট্রুডোকে বাংলাদেশের দেওয়া মুক্তিযুদ্ধ সম্মাননা তার ছেলে জাস্টিন ট্রুডোর হাতে তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকের পর পররাষ্ট্র সচিব বলেন, দুদেশের কর্মকর্তারা বৈঠকে মিলিত হয়ে নূর চৌধুরীকে কানাডা থেকে বাংলাদেশে ফেরানোর উপায় বের করবেন। পররাষ্ট্র সচিব আরো বলেন, কানাডার প্রধানমন্ত্রী বাংলাদেশের জঙ্গিবিরোধী অবস্থান এবং জঙ্গি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে চলমান অভিযানের ভূয়সী প্রশংসা করেন। দুদেশের প্রধানমন্ত্রী বাণিজ্য বাড়ানো এবং বিনিয়োগ ও গার্মেন্ট পণ্য রফতানির মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়েও আলোচনা করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে**(পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.২)। **জনকণ্ঠ, সমকাল, ইত্তেফাক, সংবাদ, ভোরের কাগজ, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে যোগ দিতে আজ যুক্তরাষ্ট্রে যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ফিফথ রিপ্লেনিসমেন্ট কনফারেন্স অব দ্য গ্লোবাল ফান্ডে (জিএফ)' যোগদানের পর চারদিনের কানাডা সফর শেষে আজ ১৮ সেপ্টেম্বর রোববার নিউইয়র্কের উদ্দেশে যাত্রা করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর আমন্ত্রণে কানাডা সফর করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮ থেকে ২৫ সেপ্টেম্বর আমেরিকা সফর করবেন। এ সময় তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনের সাধারণ আলোচনার উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন এবং ২১ সেপ্টেম্বর বিকেলে এসেম্বলি হলে সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনের সাধারণ আলোচনায় বক্তব্য রাখবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৬),

৪। **২০২৪ সালের মধ্যে দেশ দারিদ্র্যমুক্ত হবে : বাংলাদেশ-ভারত সংলাপে অর্থমন্ত্রী**

আগামী ২০২৪ সালের পর বাংলাদেশে আর কোনো দারিদ্র্য থাকবে না বলে ঘোষণা দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ২০৩০ সালে নয়, ২০২৪ সালের মধ্যেই বাংলাদেশ দারিদ্র্যমুক্ত হবে। বর্তমানে দেশে যে উন্নয়নের গতি চলছে তা অব্যাহত থাকলে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। অর্থমন্ত্রী গতকাল ১৭ সেপ্টেম্বর শনিবার রাজধানীতে বাংলাদেশ-ভারত সম্পর্ক বিষয়ে দিনব্যাপী এক সংলাপের সমাপনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। দি ডেইলী স্টার ও বেসরকারী সংগঠন ইনস্টিটিউট ফর পলিসি এডভোকেসি এন্ড গভর্নেন্স (আইপিএজি) যৌথভাবে ডেইলি স্টার সেন্টারে এই সংলাপের আয়োজন করে।
সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে**(পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১),

৫। **মহাসড়কে সিএনজি ফিলিং স্টেশন থেকে গ্যাস নেওয়ার সময় ১ ঘণ্টা বাড়ল : সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী**

মহাসড়কের পাশে যেসব সিএনজি ফিলিং স্টেশন রয়েছে, সেগুলো থেকে গ্যাস নিতে আরও এক ঘণ্টা সময় বাড়ানো হয়েছে। আগে সকাল ৬-৮টা পর্যন্ত গ্যাস নেওয়ার সময় নির্ধারণ করা ছিল। এক ঘণ্টা বাড়িয়ে তা ৯টা পর্যন্ত

করা হয়েছে। গতকাল **১৭** সেপ্টেম্বর শনিবার দুপুরে চট্টগ্রাম সার্কিট হাউজে নগরীর সিএনজি অটোরিকশা মালিক ও শ্রমিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ ঘোষণা দেন। চট্টগ্রাম জেলা প্রশাসন এ মতবিনিময় সভার আয়োজন করে।

সূত্র- **সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে(পৃ.১,ক.৪), অবজারভার** (পৃ.৪,ক.৬)।

**৬। প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়**
**আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ডের জন্য মনোনীত**

প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন। ডিজিটাল বিশ্বের পথে বাংলাদেশকে এগিয়ে নেয়ার জন্য তাকে এ পুরস্কারের জন্য মনোনীত করা হয়। ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব গভর্নেন্স এন্ড কম্পিটিটিভনেস, প্ল্যান ট্রিফিনিও, গ্লোবাল ফ্যাশন ফর ডেভেলপমেন্ট ও যুক্তরাষ্ট্রের কানেক্টিকাট প্রদেশের নিউ হেভেন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস সম্মিলিতভাবে আগামীকাল **১৯** সেপ্টেম্বর সোমবার এ পুরস্কার দেবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ দেশের উচ্চ পর্যায়ের রাজনৈতিক ব্যক্তিত্ব, অন্যান্য দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব, জাতিসংঘের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রধান, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, বিশ্ব সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং অভিনয় ও সঙ্গীত ক্ষেত্রের শিল্পীরা এ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)**।

**৭। সমুদ্র সম্পদ সংরক্ষণে ৫৩ দেশের সঙ্গে কাজ করবে বাংলাদেশ**

সামুদ্রিক পরিবেশ ও সম্পদ সংরক্ষণে ৫৩টি দেশের সঙ্গে যৌথভাবে কাজ করবে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রে গত **১৬** সেপ্টেম্বর শুক্রবার শেষ হওয়া একটি সম্মেলন থেকে এ ঘোষণা আসে। ওয়াশিংটন ডিসিতে গত **১৫** সেপ্টেম্বর বৃহস্পতিবার ও **১৬** সেপ্টেম্বর শুক্রবার তৃতীয় 'আওয়ার ওশ্যান কনফারেন্স' সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে জাতিসংঘের ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিকভুক্ত (এসকাপ) ৫৩টি দেশের সঙ্গে সামুদ্রিক পরিবেশ ও সম্পদ সংরক্ষণে সহযোগিতামূলক প্রচেষ্টা গ্রহণের ঘোষণা দেয় বাংলাদেশ। সূত্র- **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৮। পবিত্র হজ পালন শেষে সৌদি আরব থেকে হাজীদের নিয়ে ফিরতি হজ ফ্লাইট শুরু**

পবিত্র হজ পালন শেষে সৌদি আরব থেকে বাংলাদেশি হাজীদের নিয়ে ফিরতি ফ্লাইট শুরু হয়েছে। গতকাল **১৭** সেপ্টেম্বর শনিবার বেলা সোয়া দুইটায় সৌদি এয়ারলাইন্সের প্রথম হজ ফ্লাইট **৩৯৮** জন হাজী নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এরপরই বেলা তিনটার সময় আরও একটি ফ্লাইট পৌনে তিন শ' হাজী নিয়ে ঢাকা আসে। সন্ধ্যা সাড়ে ছয়টায় সৌদিয়ার আরও একটি ফ্লাইট চার শতাধিক হাজী নিয়ে শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দরে অবতরণ করে। সব মিলিয়ে মোট **১০৫৮** জন হাজী নিয়ে আসে সৌদিয়ার তিনটি ফ্লাইটে। বিমানবন্দরে দুটি আগমনী টার্মিনালে হাজীদের স্বজনরা তাদের স্বাগত জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** ( শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১)**।

**৯। এইচএসসি পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষণে আড়াই হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন**

**২০১৬** সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ করেছে শিক্ষা বোর্ডগুলো। এতে সকল বোর্ডেই ফলাফলে বিপুল সংখ্যক ভুল ধরা পড়েছে। **১০** শিক্ষা বোর্ডে খাতা পুনর্নিরীক্ষণে আড়াই হাজারেরও বেশি পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে, যাদের প্রত্যেকেরই ফল আগের তুলনায় ভালো হয়েছে। অকৃতকার্য থেকে পাস ও জিপিএ-৫ এ দুটি ক্ষেত্রে সংখ্যা সবচেয়ে বেশি পরিবর্তন হয়েছে ঢাকা শিক্ষা বোর্ডে। গতকাল **১৭** সেপ্টেম্বর শনিবার দশটি শিক্ষা বোর্ড এই পরীক্ষার পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ করে। এরপর রাত থেকে বোর্ডগুলো স্ব স্ব ওয়েবসাইটে ফল প্রকাশ শুরু করে। পুনর্নিরীক্ষণের আবেদনের সময় দেয়া টেলিটক মোবাইল নম্বরে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে। সূত্র- **সংবাদ** ( পৃ.১,ক.২), **ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.৪)**। **যুগান্তর** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। অবকাশকালীন সময়ে সুপ্রিম কোর্টের ২৭ বেঞ্চে বিচার চলবে**

চলমান অবকাশকালীন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্টের ২৭টি বেঞ্চে নিয়মিত বিচারিক কার্যক্রম চলবে। এসব বেঞ্চে জরুরি মামলা-সংক্রান্ত বিষয় নিষ্পত্তি করা হবে। আগামী ২৯ অক্টোবর পর্যন্ত এ অবকাশ চলবে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নির্দেশে এসব বেঞ্চে মামলা নিষ্পত্তির কার্যক্রম চালাতে বলা হয়েছে। সুপ্রিম কোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার অরুণাভ চক্রবর্তী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে। সূত্র- **সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের মাতৃভাষায় শিক্ষা লাভের সুযোগ সৃষ্টির লক্ষ্যে আগামী জানুয়ারি হতে দেশের পাঁচটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের হাতে মাতৃভাষার প্রাক-প্রাথমিক স্তরের গ্রন্থ পৌঁছে দেওয়ার সরকারি উদ্যোগেরর সফলতা কামনা।

**খ.** **প্রথম আলো :** ক্ষতিকর ই-বর্জ্য ব্যবস্থাপনার ব্যাপারে জনসচেতনতা বাড়ানোর আহ্বান।

**গ.** **সংবাদ :** দেশের অধিকাংশ সরকারি কলেজে শিক্ষক সংকট চরম আকার ধারণ করায় শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে উল্লেখ করে শিক্ষায় বিনিয়োগ বাড়িয়ে ভালো শিক্ষক নিয়োগের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **যায়যায়দিন :** বিশ্বের অনুন্নত ৪৮টি ওষুধ উৎপাদনকারী দেশের মধ্যে বাংলাদেশ শীর্ষ অবস্থানে থাকায় স্বাগত জানিয়ে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **ডেইলি স্টার :** গাজীপুরে নয় বছরের গৃহপরিচালিকা গৃহকর্তা-গৃহকর্তীর হাতে মারাত্মকভাবে অত্যাচারিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে গৃহকর্মী নির্যাতনকারীদের কঠোর শাস্তির দাবি।

**চ.** **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :** এবার কোরবানির চামড়ার কম মূল্য নির্ধারণের কথা উল্লেখ করে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের এতিম ও অসহায় মানুষের কথা বিবেচনায় নিয়ে চামড়ার ন্যায্যমূল্য নির্ধারণ করার আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে** সন্ত্রাসের বিরুদ্ধে তরুণ প্রজন্মকে সচেতন করে তুলতে কার্যকর প্রচার অভিযান চালাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'বিশ্ববিদ্যালয়ে প্রয়োজন আধুনিক শিক্ষাদান পদ্ধতি'** শিরোনামের নিবন্ধে এম এম শহিদুল হাসান দেশের অর্থনৈতিক উন্নতির স্বার্থে উচ্চশিক্ষা ব্যবস্থা ও শিক্ষাদান পদ্ধতি যুগোপযোগী করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

**ফারহানা/শুকলা/ সাঈদা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা**